রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৩ সনের ৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ৭, ২০১৩

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৮৫—১০০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৯১—২১৪ |
| ৩য় খণ্ড—প্রথম খন্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খন্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খন্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৫৫—২০১ |
| ৭ম খণ্ড—অন্য কোন খন্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ৩০-৯-১২ ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | ১১—১৭ |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**

**অর্থ বিভাগ**

**রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগ**

**রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২ আগস্ট ২০১২/১৮ শ্রাবণ ১৪১৯

**নং ০৭.০০.০০০০.১২৬.০০.০০২.১২-২৫৪**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭-০১-২০১১ তারিখের ০৫-১৭০.০২২.২৪.০০.০৫০. ২০১০-৪৫ নং পরিপত্র অনুসরণে অর্থ বিভাগের আওতাভুক্ত মনিটরিং সেলের দশম, একদশ ও দ্বাদশ গ্রেডের ২য় শ্রেণীর কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর স্কেল টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব (প্রবিধি, বাস্তবায়ন ও রাষ্ট্রাঃ প্রতিঃ) অর্থ বিভাগ।

**সদস্যবৃন্দ**

(২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপ-সচিব পর্যায়ের একজন প্রতিনিধি।

(৩) উপ-সচিব, (বাস্তবায়ন), অর্থ বিভাগ।

(৪) পরিচালক (প্রশাসন), মনিটরিং সেল, অর্থ বিভাগ।

**সদস্য-সচিব**

(৫) উপ-সচিব (রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান-১), অর্থ বিভাগ।

**উক্ত কমিটির কার্যপরিধিঃ**

(ক) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে অর্থ বিভাগের মনিটরিং সেলের দশম, একাদশ ও দ্বাদশ গ্রেডের ২য় শ্রেণীর কর্মকর্তা হিসেবে স্বীকৃতিপ্রাপ্ত কর্মকর্তাদের পদোন্নতি/উচ্চতর টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের বিষয় বিবেচনাপূর্বক সুপারিশ প্রদান।

(খ) উক্ত কমিটির সুপারিশ অনুমোদনের জন্য সচিব, অর্থ বিভাগের নিকট উপস্থাপন করবে।

ড. মোঃ আলী আকবর (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(গ) অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান শাখা-১ উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইলিয়াছ লস্কর**
উপ-সচিব।

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

### আইন ও বিচার বিভাগ

### বিচার শাখা-৬

### আদেশ

তারিখ, ১৮ এপ্রিল ২০১২

**নং আর-৬/৪ডি-১০/২০১১/২৮৩**—যেহেতু, জনাব স্বপন কুমার দে, সাব-রেজিস্ট্রার, জোরারগঞ্জ, চট্টগ্রাম-এর বিরুদ্ধে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির দায়ে অভিযোগ আনয়নপূর্বক ১০/২০১১ নং বিভাগীয় মামলা রুজুকরতঃ কেন তাকে "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়; এবং

যেহেতু, জনাব স্বপন কুমার দে, সাব-রেজিস্ট্রার, জোরারগঞ্জ, চট্টগ্রাম, উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিপক্ষে গ্রহণযোগ্য কোন যুক্তি প্রদর্শন করতে পারেননি; এবং

যেহেতু তদন্তকারী কর্মকর্তা জনাব স্বপন কুমার দে, সাব-রেজিস্ট্রার, জোরারগঞ্জ, চট্টগ্রাম এর বিরুদ্ধে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে কর্তৃপক্ষ কর্তৃক জনাব স্বপন কুমার দে, সাব-রেজিস্ট্রার, জোরারগঞ্জ, চট্টগ্রাম-কে অভিযোগের ভিত্তিতে দোষী সাব্যস্ত করে তাকে কেন "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" করা হবে না তদমর্মে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানোর নোটিশের প্রতি উত্তরে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে সন্তোষজনক জবাব প্রদান করেননি; এবং

যেহেতু, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ কর্তৃক "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" এর গুরুদণ্ড আরোপের প্রস্তাবের প্রেক্ষিতে বাংলাদেশ সরকারি কর্মকমিশন জনাব স্বপন কুমার দে, সার-রেজিস্ট্রার, জোরারগঞ্জ, চট্টগ্রামকে "চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service)" করণের প্রস্তাবের সাথে একমত পোষণ করেন;

সেহেতু, এক্ষণে জনাব স্বপন কুমার দে, সাব-রেজিস্ট্রার, জোরারগঞ্জ, চট্টগ্রামকে ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আশীষ রঞ্জন দাস**
সচিব (দায়িত্ব প্রাপ্ত)।

## কৃষি মন্ত্রণালয়

### এফ, এ-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ৪ শ্রাবণ ১৪১৯/১৯ জুলাই ২০১২

**নং ১২.০০.০০০০.০৭২.২৪.০১৯.১২-৩৩১**—বাংলাদেশ ও জর্ডানের মধ্যে কৃষিক্ষেত্রে দ্বি-পাক্ষিক সহযোগিতার নিমিত্ত দু'দেশের সম্পর্ক উন্নয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি Joint Agricultural Working Group (JAWG) গঠন করা হ'লঃ

**দলনেতা**

(ক) জনাব মনজুর হোসেন, সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(খ) জনাব মোঃ আবদুল হামিদ, অতিরিক্ত সচিব (পি.পি.সি), কৃষি মন্ত্রণালয়, ঢাকা।

(গ) ড. ওয়ায়েস কবীর, নির্বাহী চেয়ারম্যান, বি. এ. আর. সি, ঢাকা।

(ঘ) জনাব মোঃ আব্দুল লতিফ, মহাপরিচালক, ডি.এ.ই, খামারবাড়ি, ঢাকা।

(ঙ) যুগ্ম-সচিব, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। দু'দেশের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক (MoU) এর অনুচ্ছেদ-৫ অনুযায়ী উল্লিখিত Joint Agricultral Working Group গঠন করা হলো। বাংলাদেশ ও জর্ডান সরকারের মধ্যে কৃষি বিষয়ক দ্বি-পাক্ষিক সহযোগিতার নিমিত্ত গঠিত JAWG কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শওকত আলী**
সিনিয়র সহকারী সচিব।

---

## তথ্য মন্ত্রণালয়

### টিভি-২ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ৭ শ্রাবণ ১৪১৯/২২ জুলাই ২০১২

**নং ১৫.০০.০০০০.০২৪.০৪.০০১.১২-৫০৯**—বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের Suo Moto Rule No, 24/2012 এর নির্দেশনার আলোকে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটির ৩য় সভার সিদ্ধান্ত ৬(খ) মোতাবেক বাংলা ভাষার দুষণ, বিকৃত উচ্চারণ (যা বলতে আঞ্চলিক উচ্চারণ বোঝাবে না), বিদেশী ভাষার সুরে বাংলা উচ্চারণ ইত্যাদি রোধের উপায় নির্ধারণের লক্ষ্যে নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করা হল ঃ

**আহ্বায়ক**

(১) যুগ্ম-সচিব (সম্প্রচার), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের একজন প্রতিনিধি।

(৩) বাংলা একাডেমীর একজন প্রতিনিধি।

(৪) বাংলাদেশ টেলিভিশনের একজন প্রতিনিধি।

(৫) বাংলাদেশ বেতারের একজন প্রতিনিধি।

(৬) বেসরকারি টেলিভিশন চ্যানেলসমূহের একজন প্রতিনিধি।

(৭) বেসরকারি বেতার কেন্দ্রসমূহের একজন প্রতিনিধি।

(৮) শিক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি।

**সদস্য-সচিব**

(৯) উপ-সচিব (টিভি-২ অধিশাখা), তথ্য মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**কার্যপরিধি ঃ**

(১) নিয়মিত বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বেসরকারি টেলিভিশন চ্যানেল ও বেসরকারি বেতার কেন্দ্রসমূহের অনুষ্ঠান পরিবীক্ষণপূর্বক মতামত প্রদান;

(২) প্রচারিত অনুষ্ঠানমালায় ভাষার দূষণ রোধে ও প্রমিত বাংলা ব্যবহারের বিষয়ে সুপারিশ প্রদান;

(৩) প্রতি মাসে একটি করে প্রতিবেদন প্রদান।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হামিদা চৌধুরী**
উপ-সচিব।

---

**চলচ্চিত্র শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪ শ্রাবণ ১৪১৯/৮ আগস্ট ২০১২

**নং ১৫.০০.০০০০.০২৭.৩১.০০৮.১২-৪৬৯**—সুস্থ ও মান-সম্পন্ন চলচ্চিত্র নির্মাণের নিমিত্তে ২০১২-২০১৩ অর্থবছরে সরকারি অনুদান প্রদানের জন্য গঠিত 'চলচ্চিত্র অনুদান বাছাই কমিটি' এর সুপারিশ বিবেচনার্থে সরকার নিম্নোক্ত 'চলচ্চিত্র অনুদান কমিটি' গঠন করলেন ঃ

**সভাপতি**

(১) মাননীয় মন্ত্রী, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) বেগম শাহিন মনোয়ারা হক, মাননীয় সংসদ সদস্য, ৩৩০ মহিলা আসন-৩০।

(৩) জনাব রেজা আলী, মাননীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭।

(৪) জনাব মোঃ শাহরিয়ার আলম, মাননীয় সংসদ সদস্য।

(৫) সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

(৬) অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

(৭) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা।

(৮) জনাব মহিউদ্দিন ফারুক, চলচ্চিত্র পরিচালক, শিল্প নির্দেশক এবং চেয়ারম্যান মিডিয়া এন্ড ফিল্ম, স্ট্যামফোর্ড ইউনির্ভাসিটি, সিদ্ধেশ্বরী, ঢাকা।

(৯) ড. বিশ্বজিৎ ঘোষ, অধ্যাপক, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(১০) জনাব গোলাম সারওয়ার, সম্পাদক, দৈনিক সমকাল।

**সদস্য-সচিব**

(১১) যুগ্ম-সচিব (উন্নয়ন), তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

২। ইতোপূর্বে তম/চলচ্চিত্র/অনুদান-১৭/২০১১/৬২৯ তারিখ ২৫ অক্টোবর ২০১১ বিজ্ঞপ্তিমূলে ২০১১-২০১২ অর্থবছরে সরকারি অনুদান গ্রহণের জন্য গঠিত 'চলচ্চিত্র অনুদান কমিটি' এতদ্বারা বাতিল করা হলো।

**কমিটির কার্যপরিধি ঃ**

(ক) কমিটি ০৮ আগস্ট ২০১২ তারিখের নং ১৫.০০.০০০০.০২৭.৩১.০০৮.১২.৪৬৮ নং বিজ্ঞপ্তিমূলে গঠিত 'চলচ্চিত্র অনুদান বাছাই কমিটি' এর সুপারিশ বিবেচনা করবে;

(খ) সরকার কর্তৃক প্রণীত নীতিমালার আলোকে অনুদান প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি. এন. নজমুল হোসেন খান**
উপ-সচিব।

---

**নৌ-পরিবহন মন্ত্রণালয়**

**মংলা ও স্থল বন্দর শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ আষাঢ় ১৪১৯/৯ জুলাই ২০১২

**নং ১৮.০১৭.০০৬.০০.০০.১৫.০০৩.২০১১-৩২২**—বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ আইন, ২০০১ এর ৬নং ধারা মোতাবেক সরকার নৌ-পরিবহন মন্ত্রণালয়ের ২২ জুন ২০১১ তারিখের ১৮.০১৭.০০৬.০০.০০.১৫.০০৩.২০১১-২৫১ নং স্মারকে জারীকৃত বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষের বোর্ডের খণ্ডকালীন সদস্য নিয়ুক্তি সংক্রান্ত প্রজ্ঞাপনের সংশ্লিষ্ট অংশের (১) ও (২) নং ক্রমিক নিম্নরূপে সংশোধন করলেন ঃ—

(১) জনাব মোঃ বাইতুল আমীন ভূঁইয়া, যুগ্ম-সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়।

(২) জনাব এ.এম.এম আজাহার, যুগ্ম-সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

২। উল্লেখ্য, বর্ণিত প্রজ্ঞাপনের অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারহানা ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

**পরিবেশ ও বন মন্ত্রণালয়**

**প্রশাসন শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৮ জুন ২০১২

**নং ২২.০০.০০০০.০৫৩.০২৮.০৯৩.১২/৪৩৫**—প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২৭-১১-৯১ ইং/১২-০৭-১৩৯৮ বাং ৫১.১১০.২.০.১০.৯০ (অংশ)/১৪(৫০০) নং আদেশে প্রদত্ত প্রশাসনিক ক্ষমতাবলে এ

মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অফিস সরঞ্জাম (Office Equipment) তালিকা পরিবর্তন/পরিবর্ধন ও সংশোধনের সদয় অনুমোদন প্রদান করেছেন।

২। এই পরিবর্তন/পরিবর্ধন ও সংশোধনের ফলে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অফিস সরঞ্জামের (Office Equipment) সংশোধিত তালিকা নিম্নরূপ হইবে :

| ক্রমিক নং | সরঞ্জামাদি | বিদ্যমান | সংশোধিত |
|---|---|---|---|
| (১) | কম্পিউটার সেট | ৪ টি | ৬৩ টি |
| (২) | ফ্যাক্স মেশিন | ৩ টি | ৭ টি |
| (৩) | ফটোকপিয়ার | ৩ টি | ৭ টি |
| (৪) | ইন্টারকম | ৫০ লাইন | ৫০ লাইন |
| (৫) | টাইপরাইটার | ২৩ টি | - |
| (৬) | ডুপ্লিকেটিং মেশিন | ১ টি | - |
| (৭) | ফ্রিজ/রেফ্রিজারেটর | - | ৪ টি |
| (৮) | মাইক্রোওভেন | .. | ৪ টি |
| (৯) | সার্ভার (ইন্টারনেট সার্ভার) | .. | ৩ টি |
| (১০) | ক্যালকুলেটর | ৫ টি | ৬০ টি |
| (১১) | দেয়াল ঘড়ি | .. | ৬০ টি |
| (১২) | টেলিভিশন | ২ টি | ৭ টি |
| (১৩) | মাল্টিমিডিয়া | .. | ১ টি |
| (১৪) | ল্যাপটপ | .. | ৭ টি |
| (১৫) | মাইক্রোবাস | ২ টি | ৩ টি |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মনিরুল হুদা**
উপ-সচিব (প্রশা-৩)।

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**সংশোধিত প্রজ্ঞাপন**

তারিখ, ১২ আগস্ট ২০১২

**নং ৩৯.০০৯.০০৬.০১.০০.০৪২.২০১২-২০১৩/৩৫৮**—নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১২-২০১৩ অর্থ বছরের "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচির" আওতায় বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে ২৯-০৭-২০১২ তারিখের স্মারক নং ৩৯.০০৯.০০৬.০১.০০.০৪২.২০১২-২০১৩/৩৪৪ এর আলোকে গঠিত Peer Review Committee on Biological Sciences (BS) কমিটি নিম্নরূপভাবে সংশোধন করা হলো :

| ক্রমিক নং | নাম ও পদবী | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | অধ্যাপক এ কে এম সাঈদুল হক চৌধুরী | উপাচার্য, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী | আহ্বায়ক |
| (২) | অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ | এগ্রিকালচার, বোটানী, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা। | সদস্য |
| (৩) | অধ্যাপক আনন্দ কুমার সাহা | প্রাণিবিদ্যা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী। | সদস্য |
| (৪) | অধ্যাপক ড. মোঃ আলাউদ্দিন | উপ-উপাচার্য, প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগ চট্টগ্রাম বিশ্ব-বিদ্যালয়, চট্টগ্রাম। | সদস্য |
| (৫) | অধ্যাপক ড. মোঃ আনোয়ারুল ইসলাম | প্রাণিবিদ্যা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা। | সদস্য |
| (৬) | অধ্যাপক মোঃ হাসিবুর রহমান | মাইক্রোবায়োলজি বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্বদ্যালয় সাভার, ঢাকা। | সদস্য |
| (৭) | ড. মোঃ শামছুল আলম | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান, পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি), জয়দেবপুর, গাজীপুর। | সদস্য |
| (৮) | অধ্যাপক ড. মোঃ কামরুজ্জামান | কৃষি অর্থনীতি বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর। | সদস্য |
| (৯) | ডাঃ সৈয়দ মোজাফ্ফর আহমেদ, সহযোগী অধ্যাপক | ফিজিক্যাল মেডিসিন বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ব-বিদ্যালয়, ঢাকা। | সদস্য |
| (১০) | সংশ্লিষ্ট উপ-সচিব/শাখা কর্মকর্তা | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২। **কর্মপরিধি** ঃ Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March, 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পর্যালোচনা, বাছাই ও অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান করা।

৩। গাইড লাইন অনুযায়ী Peer Review Committee 'র আহ্বায়ক/সদস্য কোন প্রকল্প দাখিল করতে পারবেন না।

৪। সদস্য-সচিব সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত ও অন্যান্য প্রয়োজনীয় কার্যাদি সম্পন্ন করবেন।

৫। Peer Review Committee 'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

**মুঃ হুমায়ুন কবীর লস্কর**
উপ-সচিব।

**ভূমি মন্ত্রণালয়**

**শাখা-১১**

**ঘ-ফরম**

**এল, এ, কেস নং ৬০/৭৩-৭৪**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ১২ জুলাই ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৮৮.১২-৩৪৯**—যেহেতু নিম্নবর্ণিত তফসিলের সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৯ সনের ১৩ নং আইন)-এর ৩ ধারা মোতাবেক ৭-৮-৭৪ ইং তারিখের আদেশে গুদাম এবং স্টাফ কোয়ার্টার নির্মাণ প্রকল্পের জন্য হুকুম দখল করা হইয়াছে যেহেতু উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে; এবং

যেহেতু উক্ত আইনের ৫ ধারা (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু উক্ত আইনের ৫(৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্নতফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল :

জেলা কক্সবাজার, উপজেলা মহেশখালী, মৌজা মাতারবাড়ী।

| আর, এস, খতিয়ান | আর, এস, দাগ নং | জমির পরিমাণ |
|---|---|---|
| ৮৬২ | ৩৯১৪ | ০.৭৬ |
| ৭০৩ | ৩৯২৮ | ০.১৪ |
| ৭৯৬ | ৩৭১৫ | ০.৬০ |
| | মোট | **১.৫০ একর** |

(কথায় এক দশমিক পঞ্চাশ একর মাত্র)।

জমির নক্সা কক্সবাজার জেলা প্রশাসকের অফিসে দেখা যাইতে পাাবে।

**পারভীন আক্তার**
উপ-সচিব।

---

**অধিগ্রহণ শাখা-২**

**এল, এ নথি নং ৩/৮০-৮১**

**ঘ-ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ১২ জুলাই ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৮৩.১২-৩৫২**—যেহেতু, নিম্ন-তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ৯-০৬-৮২ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়াছে; এবং

যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্নতফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

মৌজার চর আলেকজান্ডার, জে, এল নং ১৮, উপজেলা রামগতি, জেলা লক্ষ্মীপুর।

সি, এস, আংশিক দাগ নং ৭০৩৯ (মঃঅঃ), ৭০৪১(মঃঅঃ), ৭০৪২(মঃঅঃ), ৭০৬৪(মঃ অঃ), ৭০৬৫(মঃ অঃ), ৭০৬৭ (উঃ অঃ)।

জমির পরিমাণ কম বা বেশী ৩.০০ (তিন) একর।

জমির নক্সা ভূমি হুকুম দখল শাখা, জেলা প্রশাসক এর কার্যালয়, লক্ষীপুর অফিসে দেখা যাইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

---

**ঘ-ফরম**

**এল,এ,কেস নং ৪২/৬৩-৬৪**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ১২ জুলাই ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৮৪.১২-৩৫৬**—যেহেতু, নিম্নবর্ণিত তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৯ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১৯-১১-৬৩ ইং তারিখের আদেশে উপকূলীয় বেড়ী বাঁধ নির্মাণ প্রকল্পের জন্য হুকুম দখল করা হইয়াছে; যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে; এবং

যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্নতফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

জমির নক্সা কক্সবাজার, জেলা প্রশাসকের অফিসে দেখা যাইতে পারে।

উপজেলা চকরিয়া, মৌজার কোনাখালী, জেলা কক্সবাজার।

| আর এস খতিয়ান | আর এস দাগ নং | জমির পরিমাণ |
|---|---|---|
| ১৬৮ | ৩৬৬/১৬৮ | ০.১৫ |
| ১৬৮ | ৩৬৭/১৬৮ | ০.০২ |
| ১৬৮ | ৩৬৮/১৭১ | ০.০২ |
| ১৭১ | ৩৩৯/১৫১ | ০.০১ |
| ১৬৫ | ৩৭০/১৬৫ | ০.০৩ |
| ১৫৪ | ৩৯২/১৫৪ | ০.১০ |
| ১৬৫ | ৬৮৫/১৫৪ | ০.০৩ |

| আর এস খতিয়ান | আর এস দাগ নং | জমির পরিমাণ |
|---|---|---|
| ১৬৫ | ৬৮৪/১৫৪ | ০.৪০ |
| ১৫৪ | ৩৯৪/১৫৪ | ০.০১ |
| ১৫৪ | ৩৯৩/১৫৪ | ০.১২ |
| ৬৭ | ৩৯১/৬৪ | ০.০১ |
| ৬৭ | ৩৯৬/১৫৪ | ০.০১ |
| ১৫৪ | ৪৯৫/১৭৪ | ২.৫০ |
| ১৫৪ | ৪৯৬/১৭৪ | ২.৪৪ |
| ১৭৪ | ৪৯৭/১৭৪ | ৭.৩০ |
| ১৭৪ | ৪৯৮/১৭৪ | ০.৬৬ |
| ১৭৪ | ৪৯৯/১৭৪ | ১.৪০ |
| ১৭৪ | ৫১২/৪৯ | ০.০৩ |
| ১৭৪ | ৫১১/৪৯ | ০.১১ |
| ২ | ৫১০/৬৪/১ | ০.০১ |
| ২ | ৫০৯/৬৪/১ | ০.০৩ |
| ২ | ৫০৮/৬৪/১ | ০.০৮ |
| ৪১ | ৫০৬/৪১ | ০.১২ |
| ৪৫ | ৬১১/৪৫ | ০.০১ |
| ২ | ৫০৪/৬৪/১ | ০.৪৫ |
| ২ | ৫০৭/৬৪/১ | ০.০১ |

**মোট= ১৬.০৬ একর**

কথায় (ষোল দশমিক শূন্য ছয় একর)

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

---

**এল, এ, কেস নং ১৬/৭৩-৭৪**

**ঘ-ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ১২ জুলাই ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৮২.১২-৩৫৭**—যেহেতু, নিম্ন-বর্ণিত তফসিলের সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৯ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৫-০৫-৭৫ ইং তারিখের আদেশে সুইচ গেইট নির্মাণ প্রকল্পের জন্য হুকুম দখল করা হইয়াছে যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে; এবং

যেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫(৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্নতফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

জমির নক্সা কক্সবাজার জেলা প্রশাসকের অফিসে দেখা যাইতে পারে।

উপজেলা টেকনাফ, মৌজা টেকনাফ, জেলা কক্সবাজার।

| আর এস খতিয়ান নং | আর এস দাগ নং | জমির পরিমাণ |
|---|---|---|
| ৪/২৯৮ | ৫৬৮৩ | ০.১২ |
| | | ০.১২ একর |

কথায় (শূন্য দশমিক বার একর)

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

---

**এল, এ, কেস নং ৬/৭৫-৭৬**

**ঘ ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ১২ জুলাই ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৮৭.১২-৩৫৮**—যেহেতু, নিম্ন-বর্ণিত তফসিলের সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৯ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১৬-১০-৭৫ ইং তারিখের আদেশ টেলিকম সাব-প্রজেক্টর নির্মাণ প্রকল্পের জন্য হুকুম দখল করা হইয়াছে যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে; এবং

যেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫(৭) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্নতফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল;

জমির নক্সা কক্সবাজার জেলা প্রশাসকের অফিসে দেখা যাইতে পারে।

জেলা কক্সবাজার, উপজেলা টেকনাফ, মৌজা উত্তর হ্নীলা ।

| আর এস খতিয়ান | আর এস দাগ নং | জমির পরিমাণ |
|---|---|---|
| ৩৯৯ | ৪৭২০ | ১.৩০ |
| ৩৯৩/১ | ৪৭৪৩ | ০.৩০ |
| | | ১.৬০ একর |

কথায় (এক দশমিক ছয় শূন্য একর মাত্র)

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

---

**এল, এ, কেস নং ১০৮/৬১-৬২**

**ঘ-ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ১২ জুলাই ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৮৫.১২-৩৫৯**—যেহেতু, নিম্ন-বর্ণিত তফসিলের সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৯ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২-১-৬২ ইং তারিখের আদেশে উপকূলীয় বেড়ী বাধঁ নির্মাণ প্রকল্পের জন্য হুকুম দখল করা হইয়াছে যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রহিয়াছে; এবং

যেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫(৭) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যাইতেছে যে, নিম্নতফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

নক্সা কক্সবাজার, জেলা প্রশাসকের অফিসে দেখা যাইতে পারে।

উপজেলা-কুতুবদিয়া, মৌজা-বড়ঘোপ, জেলা কক্সবাজার।

| আর এস খতিয়ান | আর এস দাগ নং | জমির পরিমাণ |
|---|---|---|
| ১৭ | ৫১৮৫ | ০.৭২ |
| ১৭ | ৫১৮৫ | ০.৪০ |
| ৮৪ | ৫০৬৯ | ০.০৬ |
| ৮১৪ | ৫১৮৪ | ০.২০ |
| | | **১.৩৮ একর** |

উপজেলা-কুতুবদিয়া, মৌজা-আলী আকবর ডেইল, জেলা কক্সবাজার।

| | | |
|---|---|---|
| ৩৫ | ২৩৯৯ | ০.২০ |
| ৩৫ | ২২১৯ | ০.১৬ |
| ৩৭ | ২৩৮৯ | ০.০৪ |
| ৩৮ | ২৩৮৪ | ০.০৭ |
| ৩৯ | ২৩৮৪/ক-৭৫ | ০.১০ |
| ২৪৪ | ২৩৮২ | ০.০২ |

| আর এস খতিয়ান | আর এস দাগ নং | জমির পরিমাণ |
|---|---|---|
| ৩০০ | ২৪০৬/৩৮৬৫ | ০.০৩ |
| ৫৫৬ | ২১১৮ | ০.৮৮ |
| ৫৫৬ | ২১৮৫ | ০.১৭ |
| ৬০৮ | ২২২১ | ০.১০ |
| ৬২৯ | ২১৩৬ | ০.০১ |
| ৯১৬ | ২২২৩/ক-৩১ | ০.১৫ |
| ৯১৬ | ২২২৩/ক-৩২ | ০.২৪ |
| ৯১৬ | ২৪৪০ | ০.০২ |
| ৯১৬ | ২৪৫৪ | ০.২৮ |
| ৯১৬ | ২২২৩ | ০.১৮ |
| ৯১৬ | ২২২৩ | ০.৬০ |
| ৯১৮ | ২৪৩৯ | ০.১১ |
| ৫৫৬ | ২১২৮ | ০.২৬ |
| ৫৫৬ | ২১৮৫ | ০.০৩ |
| ৯২০ | ২৪৪৭ | ০.১৩ |
| ৯২৩ | ২৩৮৯/ক-৭৪ | ০.০৬ |
| ৯২৪ | ২৩৮৯/ক-৪৫ | ০.০৩ |
| ৯২৫ | ২৪৪৩ | ০.১৮ |
| ৯২৬ | ২৩৮৮ | ০.১০ |
| ৯২৬ | ২৩৮৫ | ০.০২ |
| ৯২৬ | ২৩৮৬ | ০.০২ |
| ৯২৯ | ২৪৩৮ | ০.০৮ |
| ৯২৯ | ২৪৩৭ | ০.০৭ |
| ৯৩১ | ২৩৯৪ | ০.১৩ |
| ৯৯৮ | ২১৩৫ | ০.০৩ |
| ১০০০ | ২১৩০ | ১.৩৪ |
| ১০২৩ | ২১৪৪ | ০.০১ |
| ১০১৭ | ২১৪৩ | ০.০১ |
| ১০২৪ | ২১৩৪ | ০.০২ |
| ১৩৫৯ | ২৪০৬ | ০.২২ |
| ১৩৫৯ | ২৪৫৪/ক-৪৩ | ০.২৪ |
| ১৩৫৯ | ২৪৫৪/ক-৪৬ | ০.০৭ |
| ১৩৬০ | ২১৮৩ | ০.৬০ |
| ১ | ২১২৯ | ০.০৬ |
| ১ | ২২২২ | ০.০২ |

| | | |
|---|---|---|
| ১ | ২৩৮৫ | ০.০২ |
| ১ | ২৩৯৮ | ০.০৪ |
| ১ | ৫০৪৫ | ০.১৬ |
| ১ | ১২৫ | ১.২৮ |
| মোট | | **৯.৯৭ একর** |

(কথায় নয় দশমিক নয় সাত একর মাত্র)।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আক্তার**
উপ-সচিব।

**শাখা-১১**

**ঘ-ফরম**

**এল, এ কেস নং ১৫৪/৬২-৬৩**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ১২ জুলাই ২০১২

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৮৯.১২-৩৬০**—যেহেতু, নিম্ন-বর্ণিত তফসিলের সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৯ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ৭-০২-৬৩ ইং তারিখের আদেশে গুদাম এবং স্টাফ কোয়ার্টার নির্মাণ প্রকল্পের জন্য হুকুম দখল করা হইয়াছে যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হকুম দখলের আওতাধীন রহিয়াছে; এবং

যেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিচেনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু, উক্ত আইনের ৫(৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্নতফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

জমির নক্সা কক্সবাজার জেলা প্রশাসকের অফিসে দেখা যাইতে পারে।

জেলা কক্সবাজার, উপজেলা মহেশখালী, মৌজা মাতারবাড়ী।

| আর এস খতিয়ান | আর এস দাগ নং | জমির পরিমাণ |
|---|---|---|
| ৫৪০ | ১০০৩১ | ০.০২ |
| ৫৪০ | ১০০২৬ | ০.৯৮ |
| | | ১.০০ একর |

কথায় (এক একর মাত্র)।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পারভীন আকতার**
উপ-সচিব।

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**

**প্রাণিসম্পদ-২ অধিশাখা**

**অফিস আদেশ**

তারিখ, ২৮ আষাঢ় ১৪১৯/১২ জুলাই ২০১২

**নং মপ্রাম/প্রাস-২/চিড়িয়াখানা/৩/২০১২/২৭৭**—ঢাকা চিড়িয়াখানার পুনঃনির্ধারিত প্রবেশ ফি এবং অন্যান্য প্রমোদ ফি অর্থ বিভাগের সম্মতির প্রেক্ষিতে নির্দেশক্রমে নিম্নরূপভাবে সংশোধন করা হলো ঃ

| ক্রমিক নং | বিবরণ | বর্তমান ফি (টাকা) | প্রস্তাবিত ফি (টাকা) |
|---|---|---|---|
| (১) | **প্রবেশ ফি ঃ** | | |
| | (ক) সাধারণ | ১০.০০ | ২০.০০ |
| | (খ) ছাত্র/ছাত্রী (চিত্ত বিনোদন) (ছবিসহ স্কুল/কলেজের আইডি কার্ড প্রদর্শন সাপেক্ষে) | -- | ১০.০০ |
| | (গ) ছাত্র/ছাত্রী (শিক্ষা সফর, দলভুক্তভাবে) | বিনামূল্যে | বিনামূল্যে |
| | (ঘ) দুগ্ধপোষ্য শিশু ( ২ বছরের নিচে) | বিনামূল্যে | বিনামূল্যে |
| | (ঙ) অটিস্টিকসহ সকল প্রকার প্রতিবন্ধী | বিনামূল্যে | বিনামূল্যে |
| (২) | **বহিঃ পার্কি ফি ঃ** | | |
| | ভারী যানবাহন (বাস,ট্রাক, লরী, মিনিবাস ইত্যাদি) | ২০.০০ | ৪০.০০ |
| | (খ) ছোট মোটর গাড়ী (জীপ, টেক্সি, মাইক্রোবাস ইত্যাদি) | ১০.০০ | ২০.০০ |
| | (গ) বেবী টেক্সি, টেম্পো, মটর সাইকেল মিশুক ইত্যাদি | ৫.০০ | ১০.০০ |
| | (ঘ) রিক্সা, রিক্সাভ্যান বাইসাইকেল ইত্যাদি | ১.০০ | ২.০০ |
| (৩) | **লেক-এ মাছ ধরার টিকেট প্রতিজন প্রতিদিন (একটি বড়শী)** | ১০০০.০০ | ২০০০.০০ |
| | **প্রমোদ আরোহণ ঃ** | | |
| | (ক) হাতি | ৫.০০ | ১০.০০ |
| | (খ) ঘোড়া | ৩.০০ | ৫.০০ |

| ক্রমিক নং | বিবরণ | বর্তমান ফি (টাকা) | প্রস্তাবিত ফি (টাকা) |
|---|---|---|---|
| (৫) | পিকনিক স্পট 'উৎসব" (বড় দ্বীপ) | ২০০০.০০ | ৫০০০.০০ |
| | পিকনিক স্পট "নিঝুম" (ছোট দ্বীপ) | ১০০০.০০ | ৩০০০.০০ |
| (৬) | প্রাণী যাদুঘর ও ফিস অ্যাকুরিয়াম পরিদর্শন | ২.০০ | ৫.০০ |

২। পুনঃনির্ধারিত ফি অবিলম্বে কার্যকর হবে এবং এ বাবদ আদায়কৃত রাজস্ব সরকারি কোষাগারে জমা দেয়ার কোড ঃ ১-৪৪৪১-০০০০-২৩৩৬। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের এ সংক্রান্ত গত ১০-০৬-২০১২ তারিখের মপ্রাম/প্রাস-২/চিড়িয়াখানা/৩/২০১২/২১৩ সংখ্যক আদেশটি এতদ্বারা বাতিল করা হল।

**আফিয়া খাতুন**
উপ-সচিব।

---

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

### ক্রীড়া-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১২ আগস্ট ২০১২

**নং ৩৪.০০.০০০০.০৭১.১১.১৩১.২০১১-৮৬০**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (হালনাগাদ সংশোধিত)-এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক জাতীয় পরিষদের ২৫-০৭-২০১২ তারিখের এনএসসি/১২০/এ/জেন/২০৩৩ নং স্মারকের প্রেক্ষিতে সাবেক সচিব জনাব খান এম ইব্রাহীম হোসেন-কে বাংলাদেশ বাশাআপ এসোসিয়েশনের সভাপতি পদে দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নির্মল কান্তি চাকমা**
সিনিয়র সহকারী সচিব ক্রীড়া-১।

---

## প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

### তদন্ত ও শৃঙ্খলা শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২৫ আষাঢ় ১৪১৯/৯ জুলাই ২০১২

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-২/২০১২/৩৫৯**—যেহেতু, ড. মোঃ মাহফুজুল ইসলাম, উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) উপ-বিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, তাঁর লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) উপ-বিধি মোতাবেক বিভাগীয় মামলা চলার মত উপযুক্ত ভিত্তি নেই;

সেহেতু, ড. মোঃ মাহফুজুল ইসলাম, উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২) (এ) উপ-বিধি মোতাবেক বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হ'ল।

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-১৩/২০১২/৩৬০**—যেহেতু, জনাব মোঃ শাহ আলম, উপজেলা শিক্ষা অফিসার, চাটখিল, নোয়াখালী-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন; এবং

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা চলার মতো উপযুক্ত ভিত্তি নেই;

সেহেতু, জনাব মোঃ শাহ আলম, উপজেলা শিক্ষা অফিসার, চাটখিল, নোয়াখালী-কে ভবিষ্যতের জন্য সতর্ক করা হ'ল এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(এ) উপ-বিধি মোতাবেক বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এম, নিয়াজউদ্দিন**
ভারপ্রাপ্ত সচিব।

---

## শিল্প মন্ত্রণালয়

### স্বশাসিত সংস্থা বিসিক শাখা

### আদেশ

তারিখ, ১৮ শ্রাবণ ১৪১৯/২ আগস্ট ২০১২

**নং ৩৬.০৬৫.০১৫.০০.০৩.০২৯.২০০৫-২১১**—শিল্প মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "লবণ শিল্পের উন্নয়ন" প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত হিসাবরক্ষক তথা কোষাধ্যক্ষ পদের বেতনস্কেল জাতীয় বেতনস্কেল, ২০০৫ এর ৩৩০০--৬৯৪০ টাকা (১৪ নং স্কেল) এর স্থলে ৩৫০০--৭৫০০ টাকা (১৩ নং স্কেল) স্কেলে পুনঃ নির্ধারণের সরকারি আদেশ নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে জারি করছি ঃ

**শর্তাবলী ঃ**

(ক) পুনঃ নির্ধারণকৃত বেতনস্কেল আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে;

(খ) পুনঃ নির্ধারণকৃত বেতনস্কেলে বেতন নির্ধারণী সুবিধা ব্যতিত আদেশ জারির পূর্বের কোন বকেয়া প্রদেয় হবে না।

২। বেতনস্কেল পুনঃনির্ধারণের এ সরকারি আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**নিগার সুলতানা**
সিনিয়র সহকারী সচিব।

---

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**অধিশাখা-৫**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ শাবণ ১৪১৯/২৬ জুলাই ২০১২

**নং ৪০.০০৫.০৩১.০০.০০.০০৩.২০১০(অংশ-২)২৭৭**—গার্মেন্টস ও টেক্সটাইল শিল্প সেক্টরসহ বিভিন্ন শিল্প সেক্টরে সংকট সৃষ্টির আশংকা ও সৃষ্ট সংকট নিরসনকল্পে প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনার লক্ষ্যে নরসিংদী জেলার জন্য নিম্নোক্তভাবে "আঞ্চলিক ক্রাইসিস প্রতিরোধ কমিটি, নরসিংদী" গঠন করা হলো।

**আঞ্চলিক ক্রাইসিস প্রতিরোধ কমিটি, নরসিংদী**
**অধিক্ষেত্র ঃ সমগ্র নরসিংদী জেলা।**

**চেয়ারম্যান**

(১) জনাব মোঃ নজরুল ইসলাম হিরু বীরপ্রতীক, মাননীয় সংসদ সদস্য, নরসিংদী-১।

**সদস্যবৃন্দ**

(২) জেলা প্রশাসক, নরসিংদী

(৩) পুলিশ সুপার, নরসিংদী

(৪) শ্রম পরিদপ্তরের প্রতিনিধি

(৫) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরের প্রতিনিধি

(৬) ডিজিএফআই এর প্রতিনিধি

(৭) এনএসআই এর প্রতিনিধি

(৮) বিশেষ শাখা (এসবি) এর প্রতিনিধি

(৯) র‌্যাব এর প্রতিনিধি

(১০) শিল্প পুলিশের প্রতিনিধি

(১১) বিজিএমইএ এর প্রতিনিধি

(১২) বিকেএমইএ এর প্রতিনিধি

(১৩) বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন এর প্রতিনিধি

(১৪) দু'জন শ্রমিক প্রতিনিধি

(১৫) দু'জন স্থানীয় পর্যায়ের জনপ্রতিনিধি (চেয়ারম্যান কর্তৃক মনোনীত)।

**আঞ্চলিক ক্রাইসিস প্রতিরোধ কমিটি, নরসিংদীর কার্যপরিধি ঃ**

(ক) কোন শিল্প কারখানায়/শিল্প এলাকায় সংকট উদ্ভবের সম্ভাবনা প্রতীয়মান হলে সংশ্লিষ্ট সকল পক্ষের সমন্বয়ে তা অংকুরে বিনষ্টকরণ।

(খ) কোন কারখানায়/শিল্প এলাকায় সৃষ্ট সংকট সংশ্লিষ্ট সকলের সহায়তায় সরেজমিন নিরসনকরণ।

(গ) শিল্প সেক্টরের শ্রম পরিস্থিতি সমুন্নত রাখার উদ্দেশ্যে সরকার, বিইএফ, বিজিএমইএ, বিকেএমইএ, বিটিএমএ এবং শ্রমিক সংগঠনসমূহকে পরামর্শ প্রদান।

(ঘ) কমিটি প্রতিমাসে অন্তত একবার সভায় মিলিত হবে।

(ঙ) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তর গঠিত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

**মোঃ আমিনুল ইসলাম**
উপ-সচিব (শ্রম)।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**পুলিশ অধিশাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩১ জুলাই ২০১২

**নং স্বঃ মঃ(পু-১)/ব্যক্তিগত-২১/২০০৯/৬০৮**—যেহেতু, জনাব মোঃ মাজহারুল হক, পিপিএম, অতিরিক্ত ডিআইজি (বর্তমানে সাময়িক বরখাস্ত এবং বাংলাদেশ পুলিশ একাডেমি সারদা, রাজশাহীতে সংযুক্ত) এর বিরুদ্ধে ২০০৬ সালের ১২ই মার্চ রাজধানীর ধানমণ্ডি এলাকায় তাৎকালীন বিরোধী দলের মিছিল চলাকালে মিসেস শাহীন সুলতানা শান্তাকে অমানবিক নির্যাতন ও শ্লীলতাহানি ঘটানো এবং ২৯-৯-২০০৯ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ),৩(বি) ও ৩(সি) বিধির আওতায় যথাক্রমে অদক্ষতা, অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৬-৪-২০১০ তারিখের স্বঃ মঃ (পু-১)/ ব্যক্তিগত-২১/২০০৯/৩৩২ নম্বর স্মারকে কৈফিয়ত তলব করা হয়; এবং

২। যেহেতু, জনাব মোঃ মাজহারুল হক, পিপিএম, অতিরিক্ত ডিআইজি এর কৈফিয়ত তলবের জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলাটি তদন্তের জন্য এ মন্ত্রণালয়ের ১৮-৭-২০১০ তারিখের স্বঃমঃ(পু-১)/ব্যক্তিগত-২১/ ২০০৯/৬৩৬ নম্বর স্মারকে পুলিশ হেডকোয়ার্টার্সের অতিরিক্ত আইজিপি জনাব সৈয়দ শাহজামান রাজ কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত মিসেস শাহীন সুলতানা শান্তাকে অমানবিক নির্যাতন ও শ্লীলতাহানির অভিযোগটি আদালতে বিচারাধীন থাকায় তদন্তকারী কর্মকর্তা সে বিষয়ে কোন মতামত প্রদান করা গেল না মর্মে উল্লেখপূর্বক অভিযুক্ত কর্মকর্তা গত ২৯-৯-২০০৯ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করে ১১-০১-২০১১ তারিখে মন্ত্রণালয়ে তদন্ত রিপোর্ট দাখিল করেন। তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা ও পরীক্ষা করে তার বিরুদ্ধে আনীত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(সি) বিধির অধীনে অভিযোগে একই বিধিমালার ৪(৩) (ডি) বিধির অধীনে দোষী সাব্যস্ত করে সরকারি চাকুরি হতে বরখাস্তকরণের (Dismissal from Service) সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ মাজহারুল হক, পিপিএম-কে গত ২৪-১১-২০১১ তারিখের স্বঃমঃ (পু-১)/ব্যক্তিগত ২১/২০০৯/৯৫৭ নম্বর স্মারকে বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব তিনি ৫-১-২০১২ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ করেন। তাঁর এ জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি; এবং

৪। যেহেতু, জনাব মোঃ মাজহারুল হক, পিপিএম-কে সরকারি চাকুরি হতে বরখাস্তকরণের (Dismissal from Service) দণ্ড আরোপের বিষয়ে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা,

১৯৮৫ এর ৭(৭) বিধি অনুযায়ী স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের গত ১৭-১-২০১২ তারিখের স্বঃমঃ (পু-১)/ব্যক্তিগত-২১/২০০৯/৬৮ নম্বর স্মারকে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হয় এবং সরকারি কর্মকমিশন তাদের ৯-৫-২০১২ তারিখের ৮০.১০৬.০৩৪.০১.০০.০০২.২০১২.১০০ নম্বর স্মারকে জনাব মোঃ মাজহারুল হক, পিপিএম-কে উপরোক্ত দণ্ড আরোপের বিষয়ে একমত পোষণ করে। অতঃপর জনাব মোঃ মাজহারুল হক, পিপিএম-কে চাকুরি হতে বরখাস্তকরণের (Dismissal from Service) প্রস্তাবটি গত ২২-৭-২০১২ তারিখে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন করেছেন;

৫। সেহেতু, জনাব মোঃ মাজহারুল হক, পিপিএম অতিরিক্ত ডিআইডি (বর্তমান সাময়িক বরখাস্ত এবং বাংলাদেশ পুলিশ একাডেমি সারদা, রাজশাহীতে সংযুক্ত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(সি) বিধির আওতায় বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩) (ডি) বিধির অধীনে দোষী সাব্যস্ত করে তাঁকে চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service) করা হলো।

৬। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সি কিউ কে মুসতাক আহমদ**
সিনিয়র সচিব।

---

**কারা অধিশাখা-২**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ ১৩ আগস্ট ২০১২

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০১.১২-২১৫**—আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি আইনের ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার ঢাকা কেন্দ্রীয় কারাগারে আটক নিম্নোক্ত কয়েদীর কারাদণ্ড ও অর্থদণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদী নং ৭৯৬৪/এ, নাম মোঃ কবির হোসেন, পিতা নাম শামসুদ্দিন মোল্লা, বয়স ২৬ বৎসর।

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০১.১২-২১৬**—আসন্ন পবিত্র ঈদ-উল ফিতার ২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি আইনের ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার ঢাকা কেন্দ্রীয় কারাগার পার্ট-২, কাশিমপুর, গাজীপুর আটক নিম্নলিখিত কয়েদীদের কারাদণ্ড ও অর্থদণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদী নং ৭২৪৬/এ, নাম শহিদুল ইসলাম, পিতার নাম মোঃ খোকন,বয়স ২৯ বৎসর।

(২) কয়েদী নং ৭৪৮৪/এ, নাম আকরাম, পিতার নাম এসরাইল খান, বয়স ২৬ বৎসর।

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাদেরকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০১.১২-২১৭**—আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি আইনের ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগারে আটক নিম্নোক্ত কয়েদীর কারাদণ্ড ও অর্থদণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদী নং ২০৬১/এ, নাম মোঃ ইকবাল হোসেন, পিতার নাম মোহাম্মদ আলী আকন্দ, বয়স ৩২ বৎসর।

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০১.১২-২১৮**—আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০১২ উপলক্ষে মুক্তিযোগ্য বন্দীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি আইনের ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার জামালপুর জেলা কারাগারে আটক নিম্নোক্ত কয়েদীর কারাদণ্ড ও অর্থদণ্ড মওকুফ করা হয়েছে ঃ

(১) কয়েদী নং ৮৯৮২/এ, নাম আব্দুল হালিম, পিতার নাম মৃত নাজির উদ্দিন, বয়স ২৮ বৎসর।

২। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

৩। এ আদেশ মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদনের প্রেক্ষিতে জারি করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জহুরুল ইসলাম রোহেল**
উপ-সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**শৃংখলা-১ শাখা**

**আদেশ**

তারিখ ২৪ মে ২০১২

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৬.২০১১-৫১৭**—যেহেতু, ডাঃ মোঃ নিজাম উদ্দিন চৌধুরী (৩৮০৮৪), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ও সংযুক্ত জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা (প্রাক্তন অধ্যাপক ও বিভাগীয় প্রধান, নেফ্রোলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানোর জবাব প্রদান করেন এবং ৮-৪-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান তিনি প্রাগে যাওয়ার জন্য আবেদন করলেও মন্ত্রণালয় হতে জারীকৃত সরকারি আদেশে ভুল করে প্যারাগুয়ে উল্লেখ করা হয় এবং তিনি অধ্যক্ষের মাধ্যমে মন্ত্রণালয়ে উক্ত ভুল সংশোধনের জন্য আবেদন করেছিলেন এবং সরল বিশ্বাসে মন্ত্রণালয়ের কথিত এক কর্মচারীর মাধ্যমে পত্রটি প্রেরণ ও গ্রহণ করে প্রতারণার স্বীকার হন ও সেই সাথে তিনি তার ভুলের জন্য দুঃখ প্রকাশ করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ নিজাম উদ্দিন চৌধুরী (৩৮০৮৪), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ও সংযুক্ত জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকার বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি মোতাবেক তিরস্কার করা হলো।

**মুহম্মদ হুমায়ুন কবির**
সিনিয়র সচিব।

## আদেশ

তারিখ, ১৩ জুন ২০১২

**নং স্বাপকম/শৃংখলা-১/১-৫০/২০০৪/৫৯৩**—যেহেতু ডাঃ মোঃ আরিফুজ্জামান (১১১২৮৩), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চিতলমারী, বাগেরহাট গত ১১-১২-২০০৩ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও (সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগী মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরী হতে কেন অপসারণ করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারী চাকুরী হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু উক্ত কর্মকর্তাকে সরকারী চাকুরী হতে অপসারণ করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(সি) বিধি মোতাবেক ডাঃ মোঃ আরিফুজ্জামান (১১১২৮৩), প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চিতলমারী, বাগেরহাট কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১১-১২-২০০৩ থেকে সরকারি চাকুরি হতে অপসারণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহম্মদ হুমায়ুন কবির**
সিনিয়র সচিব।

## আদেশাবলী

তারিখ, ২১ জুন ২০১২

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০২০.২০১১-৬৩০**—যেহেতু, ডাঃ সুবাস কুমার সাহা (৩৪২৩১), বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা (প্রাক্তন সহকারী পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়, খুলনা বিভাগ, খুলনা)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২০-৫-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) খুলনা এর কার্যালয়ে সহকারী পরিচালক হিসেবে কর্মরত থাকা অবস্থায় তিনি নিয়োগ কমিটির একজন সদস্য ছিলেন, মৌখিক পরীক্ষার সময় তার কাছে লিখিত পরীক্ষার নম্বরপত্র উপস্থাপন করা হয়নি তাই মৌখিক পরীক্ষার ভিত্তিতে তিনি যৌক্তিক নম্বর প্রদান করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ সুবাস কুমার সাহা (৩৪২৩১), বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) ঢাকা বিভাগ, ঢাকার বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকাল তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৮.২০১২-৬৩১**— যেহেতু ডাঃ এ, বি, এম শামসুল আলম (৩৫৬১০), তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসাপাতাল, পটুয়াখালী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ০৩-০৫-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান তাঁর পিতার শারীরিক অবনতির খবর পেয়ে তিনি আকস্মিকভাবে ০৯-০২-২০১২ তারিখে কর্মস্থল ত্যাগ করেন এবং বাড়ীতে গিয়ে নিজে অসুস্থ হয়ে পড়েন। তিনি সে সময়ে আবেগতাড়িত হয়ে ছুটি না নিয়ে কর্মস্থল ত্যাগ করেছিলেন এবং তিনি তাঁর ভুলের জন্য দুঃখ প্রকাশ করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ এ, বি, এম, শাসসুল আলম (৩৫৬১০), তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, পটুয়াখালীর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি মোতাবেক 'তিরস্কার' দণ্ড আরোপ করা হলো। তার অনুপস্থিতকালীন সময় ১০-০২-২০১২ থেকে ১৯-০২-২০১২ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বিনাবেতনে ছুটি হিসেবে গণ্য হবে।

তারিখ, ২৫ জুন ২০১২

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৯.২০১২-৬৪১**—যেহেতু ডাঃ রেজা মোঃ জামান (৩৭৪৩৮), সহকারী পরিচালক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসাপাতাল, পটুয়াখালী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী

(শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৯-০৪-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান ১৬-০২-২০১২ তারিখের নৈমিত্তিক ছুটি মঞ্জুর করে ১৫-২-২০১২ তারিখ অপরাহ্নে কর্তৃপক্ষের অনুমতি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন। ছুটিতে থাকা অবস্থায় তার শারীরিক অবস্থার অবনতি হওয়ায় তিনি ১৯-২-২০১২ তারিখ পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিত ছিলেন এবং ১৯-২-২০১২ তারিখের আগের দু'দিন শুক্র ও শনিবার থাকায় যথাক্রমে কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে পারেননি;

এক্ষণে, সেহেতু, ডাঃ রেজা মোঃ জামান (৩৭৪৩৮), সহকারী পরিচালক, ২৫০ শয্যা বিশিষ্ট হাসাপাতাল, পটুয়াখালী এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় তাঁকে সর্তক করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

**মুহম্মদ হুমায়ুন কবির**
সিনিয়র সচিব।

---

**আদেশাবলী**

তারিখ, ২৮ এপ্রিল ২০১১

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৪.২০১১-৪৬৪**—যেহেতু, ডাঃ নুসরাত হাবিব, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (প্রাক্তন সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দেবীগঞ্জ, পঞ্চগড়) গত ২০-১২-২০১০ তারিখ হতে ১৪-০১-২০১১ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

এক্ষণে সেহেতু, তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক আদেশ জারীর তারিখ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো ঃ

প্রচলিত নিয়ম মোতাবেক তিনি সাময়িক বরখাস্তকালীন সময়ে খোরপোষ ভাতাদি প্রাপ্য হবেন।

তারিখ, ১০ জুন ২০১২

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬১.২০১২-৫৭৮**—যেহেতু, ডাঃ নাহিদ আরা বেগম (৩২০৪৫), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বন্দর, নারায়নগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবান প্রদান করেন ও ২৭-০৫-২০১২ তারিখের তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান যে, তিনি বর্ণিত চিকিৎসকগণের নৈমিত্তিক ছুটি মঞ্জুর করেননি, স্বাস্থ্য অধিদপ্তরের আদেশ মোতাবেক ২৬-১২-২০১১ হতে ২৮-১২-২০১১ তারিখ পর্যন্ত নিপসম, মহাখালী ঢাকায় একটি প্রশিক্ষণে অংশগ্রহণ করেন এবং তাঁর অনুপস্থিতিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বর্ণিত চিকিৎসকগণের নৈমিত্তিক ছুটি মঞ্জুর করেছিলেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ নাহিদ আরা বেগম (৩২০৪৫) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বন্দর, নারায়ণগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব ও সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলার আনীত অভিযোগ হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৪.২০১২-৫৭৯**—যেহেতু, ডাঃ রাবেয়া খাতুন (১২০২৯২), সহকারী সার্জন, বিষ্ণুপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, বদরগঞ্জ, রংপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন ও ২০-৫-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ রাবেয়া খাতুন (১২০২৯২), সহকারী সার্জন, বিষ্ণুপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, বদরগঞ্জ, রংপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব ও সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

তাঁর ২৯-১১-২০১০ তারিখ হতে ১৬-০৮-২০১১ তারিখ পর্যন্ত অননুমোদিত অনুপস্থিতকালীন সময়- কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

তারিখ, ৩০ মে ২০১১

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৪.২০১২-৬৫৬**—যেহেতু, ডাঃ মেহের আক্তার (১১২৫৯৬), সহকারী রেজিস্ট্রার, গাইনী, জেনারেল হাসপাতাল, কুমিল্লা (প্রাক্তন বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও(সি) বিধি মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" ও "বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবান প্রদান করেন ও ২০-০৫-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ মেহের আক্তার (১২২৫৯৬), সহকারী রেজিস্ট্রার, গাইনী, জেনারেল হাসপাতাল, কুমিল্লা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব ও শুনানী অন্তে সামগ্রিক বিষয়াদী বিবেচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধি মোতাবেক তাঁকে তিরস্কার (Censure) করা হলো।

তাঁর অননুমোদিত অনুপস্থিতকালীন সময় অর্থাৎ ১-৭-২০১১ তারিখ হতে ২৭-১২-২০১১ তারিখ পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো। অনুপস্থিতকালীন সময়ে তিনি কোন বেতন-ভাতা প্রাপ্য হবেন না।

**এ কে এম আমির হোসেন**
অতিরিক্ত সচিব।

---

**আদেশাবলী**

তারিখ, ১২ জুলাই ২০১১

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৭.২০১২-৭২১**—যেহেতু, ডাঃ আব্দুল কাদির (৩৫০৬১), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা

কর্মকর্তা, ছাগলনাইয়া, ফেনী (প্রাক্তন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাকেরগঞ্জ, বরিশাল) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ৮-৭-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীতে জানান যে, মাননীয় মন্ত্রী মহোদয়ের পরিদর্শনকালে দুজন চিকিৎসকের ছুটির দরখাস্ত দেখতে চাইলে ২৪-২-২০১২ তারিখ শুক্রবার এবং সরকারি ছুটি থাকায় তিনি তা দেখাতে পারেননি। উক্ত দুজন চিকিৎসক সাপ্তাহিক ছুটির দিনে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তিনি তাদের কারণ দর্শাননি যা তাঁর ভুল হয়েছে। তিনি আরো জানান যে, নতুন পদোন্নতি পেয়ে তিনি গত ২৭-৯-২০১১ তারিখ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বাকেরগঞ্জে যোগদান করেন। তাঁর যোগদানের এক বছর পূর্ব হতেই অর্থাৎ ২২-১১-২০১০ খ্রিস্টাব্দ হতে এক্সরে মেশিনটি অকেজো ছিল। হাসপাতালের রেডিওগ্রাফার এর অনুপস্থিতির কারণে এক্সরে কক্ষের তালা খুলতে কিছুটা বিলম্ব হয়েছিল। রেডিওগ্রাফারকে দায়িত্বে অবহেলার কারণে অন্যত্র বদলী করা হয়েছে।

এক্ষণে, সেহেতু, ডাঃ আব্দুল কাদির (৩৫০৬১), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ছাগলনাইয়া, ফেনী (প্রাক্তন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাকেরগঞ্জ, বরিশাল) এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব শুনানীকালে তার বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় সংশ্লিষ্ট পদে নতুন হওয়ায় এবং তাঁর কৃত কর্মের জন্য ক্ষমা প্রার্থনা করায় তাঁকে সতর্ক করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.২৪১.২০১১-৭২২**—যেহেতু, ডাঃ তানিয়া হক তুলি, মেডিকেল অফিসার, দুর্গাপুর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, কালিহাতী, টাংগাইল, প্রেষণে মেডিকেল অফিসার, খিলগাঁও জিওডি, খিলগাঁও সরকারী ষ্টাফ কোয়ার্টার, ডিসপেনসারী, খিলগাঁও, ঢাকা (প্রাক্তন মেডিকেল অফিসার, (ডিসি) সদর, শরীয়তপুর)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ৮-৭-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান বিভাগীয় মামলায় আনীত অভিযোগকালীন সময়ে তিনি মাতৃত্বজনিত কারণে বিভিন্ন অনুসর্গে ভুগতেছিলেন। উক্ত সময়ে কমিউনিটি ক্লিনিকে ডিউটি থাকায় অসাবধানবশত ১৪-০৯-২০১১ তারিখ হতে ১৯-০৯-২০১১ তারিখ পর্যন্ত হাজিরা খাতায় স্বাক্ষর করেছিলেন যা তার ভুল হয়েছে। তিনি তার অপরাধের জন্য দুঃখ প্রকাশ ও ক্ষমা প্রার্থনা করেন।

এক্ষণে, সেহেতু, ডাঃ তানিয়া হক তুলি মেডিকেল অফিসার, দুর্গাপুর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, কালিহাতী, টাংগাইল, প্রেষণে মেডিকেল অফিসার, খিলগাঁও জিওডি, খিলগাঁও সরকারী ষ্টাফ কোয়ার্টার ডিসপেনসারী, খিলগাঁও, ঢাকা (প্রাক্তন মেডিকেল অফিসার, (ডিসি) সদর, শরীয়তপুর)-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনায় তাঁর ভুলের জন্য দুঃখ প্রকাশ ও ক্ষমা প্রার্থনা করায় নবীন কর্মকর্তা হিসেবে মানবিক কারণে তাঁকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হলো।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮০.২০১২-৭২৩**—যেহেতু, ডাঃ তনিমা মহসিন (১২২১৭৩), সহকারী সার্জন, বানারীপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র, বানারীপাড়া, বরিশাল এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ৮-৭-২০১২ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীতে জানান যে, পারিবারিক জরুরী প্রয়োজনে তিনি তাঁর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ তথা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার নিকট থেকে ২৩-০২-২০১২ হতে ২৬-০২-২০১২ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত নৈমিত্তিক ছুটি মঞ্জুর করিয়ে ২২-০২-২০১২ইং তারিখ অপরাহ্নে কর্মস্থল ত্যাগ করেন এবং যথারীতি ২৭-০২-২০১২ তারিখে কর্মস্থলে উপস্থিত হন এবং তার বক্তব্যের সমর্থনে অনুমোদিত ছুটির আবেদনের ফটোকপি উপস্থাপন করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ তনিমা মহসিন (১২২১৭৩), সহকারী সার্জন, বানারীপাড়া ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, বানারীপাড়া, বরিশাল এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানীকাল তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

**খোরশেদ আলম চৌধুরী**
অতিরিক্ত সচিব।

---

**পার-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ মে ২০১১

**নং স্বাপকম/পার-১/নিয়মিতকরণ-৪/২০০৯/৩৭৮**—ডাঃ জওহর লাল সেন, প্রাক্তন আবাসিক সার্জন, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা বর্তমানে সহযোগী অধ্যাপক, সার্জারী, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, শেরে বাংলানগর, ঢাকা-কে রাঙ্গামাটি সদর হাসপাতালে মেডিকেল অফিসার (রেডিওলজি পদের বিপরীতে) কর্মরত থাকা অবস্থায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০১-০১-১৯৯০ তারিখে স্বাপকম (শৃংখলা-২)/১-২১/৮৯/৬ নম্বর আদেশে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) ধারার আওতায় অসদাচরণ ও অননুমোদিত অনুপস্থিতির অভিযোগে ২টি বাৎসরিক বেতন বৃদ্ধিও ক্রম বর্ধিষ্ণু হারে বন্ধ রাখার শাস্তি প্রদান করা হয়।

২। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০১-০১-১৯৯০ তারিখে স্বাপকম (শৃংখলা-২)/১-২১/৮৯/৬ নম্বর আদেশে শাস্তির মেয়াদ উল্লেখ না থাকায় ০১-০১-১৯৯০ তারিখে স্বাপকম(শৃংখলা-

২)/১-২১/৮৯/৬ নম্বর আদেশটি নিয়মানুযায়ী বিএসআর বিধি-৪৫ এর বিধানমতে “প্রথম বর্ধিত বেতন হইতে বঞ্চিত হওয়ার সময় শেষ হওয়ার সংগে সংগে বঞ্চিত হওয়ার অবসান হইয়াছে” অর্থাৎ ২টি বাৎসরিক বেতন বৃদ্ধি বন্ধের সময় হিসেবে ১৯৯০ ও ১৯৯১ সাল গণ্য হবে এবং তিনি ১৯৯২ সাল থেকে বাৎসরিক বেতন বৃদ্ধির সুবিধা পাবেন। তাঁর অনুমোদিত অনুপস্থিত কাল ও যোগদান পরবর্তী অপেক্ষমানকাল অর্থাৎ ১৪-৭-১৯৮৭ থেকে ১৪-০৪-১৯৮৯ ইং সময়কে নিয়মিত কাল হিসেবে গণ্য করা হলো।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খাজা আব্দুল হান্নান**
উপ-সচিব।

---

**জনস্বাস্থ্য-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ জুন ২০১২

**নং জনস্বাস্থ্য-১/বিবিধ-৬/২০০৮/১২৪**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১৯-১০-২০০৯ তারিখের ৩৭৩ এবং ১২-০৪-২০১০ তারিখের ৯৬ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গঠিত ঔষধ নিয়ন্ত্রণ কমিটির টেকনিক্যাল সাব কমিটি সংশোধন পূর্বক নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো ঃ

**সভাপতি**

(১) মহা-পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) মহা-পরিচালক, পশু সম্পদ অধিদপ্তর।

(৩) যুগ্ম-সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(৪) কনসালটেন্ট ফিজিশিয়ান, আর্মড ফোর্সেস মেডিকেল সার্ভিসেস।

(৫) ডীন, ফার্মেসী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(৬) বিএসএমএমইউ এর প্রতিনিধি (ডীনের নিম্নে নয়)

(৭) অধ্যাপক ফরিদা রহমান, ফার্মেসী প্রযুক্তি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(৮) অধ্যাপক ইসমাইল খান, ফার্মাকোলজী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ।

(৯) অধ্যাপক আব্দুল কাহার, মেডিসিন বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ।

(১০) স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি।

(১১) প্রতিনিধি, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল।

(১২) ডাঃ ফেরদৌসী কাদরী, ভ্যাকসিন বিশেষজ্ঞ, আই, সি, ডি, ডি, আর, বি।

(১৩) প্রতিনিধি, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন

(১৪) প্রতিনিধি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি

(১৫) অধ্যাপক সেলিম আজাদ চৌধুরী, প্রতিনিধি, বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল সোসাইটি।

(১৬) ডাঃ মোমেনুল হক, সিনিয়র সহ-সভাপতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি এবং ব্যবস্থাপনা পরিচালক, জেনারেল ফার্মাসিউটিক্যালস লিঃ।

(১৭) জনাব আবদুর মুক্তাদির, মহা-সচিব, বাংলাদেশ ঔষদ শিল্প সমিতি এবং ব্যবস্থাপনা পরিচালক, ইনসেপ্টা ফার্মাসিউটিক্যালস্ লিঃ।

(১৮) প্রতিনিধি, বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল ইম্পোর্টার্স এসোসিয়েশন।

**সদস্য সচিব**

(১৯) পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।

**কমিটির কার্যপরিধি ঃ**

(১) নতুন ঔষধ (New Drug) এবং প্রচলিত ঔষধের নতুন আকার (New Dosage Forms) ও মাত্রায় (New Strength) ঔষধসমূহের রেজিস্ট্রেশন সম্পর্কে মতামত প্রদান।

(২) অন্য যে কোন সুনির্দিষ্ট বিষয়ে বা অধ্যাদেশের অধীনে প্রণীত বিধির আওতায় বিজ্ঞাপিত বিষয় সম্পর্কে সুপারিশ/মতামত প্রদান।

২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ইফ্‌ফাত আরা মাহমুদ**
উপ-সচিব।

---

**স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**(উন্নয়ন-১ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ জুলাই ২০১২

**নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০১৮.২০১২-৪৭১**—যেহেতু, জনাব মুহাম্মদ জিয়াউল হক দুলাল, উপজেলা সহকারী প্রকৌশলী, বাঘাইছড়ি, রাঙ্গামাটি, ঢাকা জেলার অবকাঠামো উন্নয়ন প্রকল্পে সদর দপ্তরে সাবেক সহকারী প্রকৌশলী হিসেবে কর্মরত থাকাকালীন ইউনিয়ন কমপ্লেক্স ভবন নির্মাণে অনিয়ম ও টাঙ্গাইল জেলার ঘাটাইল উপজেলা প্রকৌশলীর দায়িত্বভার হস্তান্তরে বিলম্ব ও আপনার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য সঠিকভাবে পালন না করার অভিযোগে এই বিভাগের ২৪-০৪-২০১২ তারিখের ৪৬.০৬৭.০০৩. ০০.০০.০১৮. ২০১২-২৫৬ নম্বর স্মারকে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়,

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় জনাব মুহাম্মদ জিয়াউল হক দুলাল এর দাখিলকৃত জবাব পর্যালোচনাপূর্বক ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, আপনার দাখিলকৃত জবাব ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং আনুষঙ্গিক রেকর্ডপত্র বিস্তারিত পর্যালোচনা করা হয়;

যেহেতু, আপনার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং আনুষাঙ্গিক রেকর্ডপত্র বিস্তারিত পর্যালোচনায় জনাব মুহাম্মদ জিয়াউল হক দুলালকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি অনুসারে বার্ষিক বেতন বৃদ্ধি ২(দুই) বছরের জন্য স্থগিত রাখার দণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, এক্ষণে, জনাব মুহাম্মদ জিয়াউল হক দুলাল উপজেলা সহকারী প্রকৌশলী, বাঘাইছড়ি, রাঙ্গামাটি (সাবেক উপজেলা সহকারী প্রকৌশলী, ঘাটাইল , টাঙ্গাইল)- কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২) (বি) বিধি অনুসারে বার্ষিক বেতন বৃদ্ধি ২(দুই) বছরের জন্য স্থগিত রাখার দণ্ড আরোপ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু আলম মোঃ শহিদ খান**
সচিব।

---

**[ একই তারিখ ও একই স্মারকের স্থলাভিষিক্ত ]**

**পাস-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ জুলাই ২০১২

**নং ৪৬.০৮৫.০১৮.০২.০০.০০৪.২০১১(অংশ-১)-৯৭০**—পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬-এর ৬(১)(ঙ) ধারার প্রদত্ত ক্ষমতাবলে জনাব শওকত হোসেন এফসিএ-কে ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্টেন্টস অব বাংলাদেশ প্রতিনিধিত্বকারী হিসেবে চট্টগ্রাম ওয়াসা বোর্ডের সদস্য নিয়োগ করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শামস্ উদ্দিন আহমদ**
উপ-সচিব (পাস)।

**[ একই তারিখ ও একই স্মারকের স্থলাভিষিক্ত ]**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ জুলাই ২০১২

**নং ৪৬.০৮৫.০১৮.০২.০০.০০৪.২০১১(অংশ-১)-৯৭১**—পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬-এর ৬(১)(চ) ধারার প্রদত্ত ক্ষমতাবলে প্রকৌশলী সাদেক মোহাম্মদ চৌধুরী, এফ-৪৪০১- কে ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ এর প্রতিনিধিত্বকারী হিসেবে চট্টগ্রাম ওয়াসা বোর্ডের সদস্য নিয়োগ করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শামস্ উদ্দিন আহমদ**
উপ-সচিব (পাস)।

---

**[ একই তারিখ ও একই স্মারকের স্থলাভিষিক্ত ]**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ জুলাই ২০১২

**নং ৪৬.০৮৫.০১৮.০২.০০.০০৪.২০১১(অংশ-১)-৯৭২**—পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬-এর ৬(১)(ছ) ধারার প্রদত্ত ক্ষমতাবলে (১) জনাব এ এফ এম কবির মানিক ও (২) মিসেস আঞ্জুমান আরা বেগম-কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এলাকাধীন পৌর কর্তৃপক্ষের (চট্টগ্রাম সিটি করপোরেশন) প্রতিনিধিত্বকারী হিসেবে চট্টগ্রাম ওয়াসা বোর্ডের সদস্য নিয়োগ করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শামস্ উদ্দিন আহমদ**
উপ-সচিব (পাস)।